



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।


স্মারক নং : ৭৯১(ফ)

তারিখ : ০২-০৭-২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে নাম এবং জন্ম তারিখ সংশোধনের লক্ষ্যে আগত শিক্ষার্থী/আবেদনকারীদের আবেদন সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে ফরওয়ার্ড করে ঢাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে লক্ষণীয়, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থী/আবেদনকারীদের নাম এবং জন্ম তারিখ সংশোধনের আবেদন সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর যথাসময়ে ফরওয়ার্ড না করায় তাঁরা বিভ্রান্ত এবং হয়রানির শিকার হচ্ছে। যা কোনভাবেই কাম্য নয়। এ ছাড়া আবেদনকারী বা তার অভিভাবকের মোবাইল নাম্বার আবেদনপত্রে আবশ্যিকভাবে দিতে হবে। প্রতিষ্ঠান বা অন্য কারো মোবাইল নাম্বার দেয়া যাবে না।

এ বিষয়ে সকলকে সচেতন এবং সতর্ক হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২২৩৩৬৯৮১৩